ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৪০৫

আগরতলা, ১৮ অক্টোবর, ২০২৩

**২১-২৪ অক্টোবর আগরতলা শহরে যানবাহন চলাচলের নির্দেশিকা**

আগামী ২১ অক্টোবর থেকে ২৪ অক্টোবর দুর্গাপূজার ৪ দিন আগরতলা শহরে পথচারী এবং যানবাহন চলাচলের সুবিধার্থে পশ্চিম ত্রিপুরা জেলা প্রশাসনের পক্ষ থেকে এবারও বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এই বিজ্ঞপ্তিতে বলা হয়েছে আগরতলা শহরের বিভিন্ন জায়গায় নো এন্ট্রি জোন, বিভিন্ন ধরনের যানবাহনের জন্য টার্মিনাল পয়েন্ট, পার্কিং এলাকা ও রোগী, বিমান যাত্রী ও রেল যাত্রীদের জন্য বিকল্প রাস্তার ব্যবস্থা করা হয়েছে। পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন উল্লেখিত ৪ দিন সন্ধ্যা ৫টা থেকে রাত ১২টা (মধ্যরাত) পর্যন্ত বিভিন্ন জায়গায় নো এন্ট্রি/ ড্রপ গেইট বসানো হবে। বড় পূজা মন্ডপগুলিতে দর্শনার্থীদের সংখ্যা বিবেচনা করে যানবাহনের জন্য নো এন্ট্রির সময়সীমা বাড়ানো হতে পারে।

জেলাশাসক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন ২১ অক্টোবর থেকে ২৪ অক্টোবর পর্যন্ত সন্ধ্যা ৫টা থেকে রাত ১২টা পর্যন্ত উত্তর গেইট থেকে রাধানগর- সার্কিট হাউস (শান্তিকামী - পোলস্টার ক্লাব - কুঞ্জবন সেবকসংঘ) পর্যন্ত এলাকায় কোনপ্রকার যানবাহন চলাচল করতে পারবেনা। যেসব যানবাহনের পাস রয়েছে সেগুলো উত্তর গেইট থেকে সার্কিট হাউসের দিকে যেতে পারবে। জরুরী কাজে নিযুক্ত যানবাহনগুলি দুদিক থেকেই যাতায়াত করতে পারবে। বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে বোধজং চৌমুহনী থেকে উত্তর গেইট, ভলকান ক্লাব থেকে ভগবানঠাকুর চৌমুহনী, ভগবানঠাকুর চৌমুহনী-লালবাহাদুর চৌমুহনী-গণরাজচৌমুহনী পেট্রোল পাম্প (দুদিক থেকেই), পুরনো সেন্ট্রাল জেলের পশ্চিম কোন (বাপিরাজ ফার্নিচার) থেকে লালবাহাদুর (দুদিক থেকেই), প্রান্তিক ক্লাব থেকে পুরনো সেন্ট্রাল জেলের মোড়, পোস্টঅফিস চৌমুহনী-গান্ধীঘাট-গ্র্যান্ডিউজ চৌমুহনী-গোলবাজার-লালমাটিয়া (ছাত্রবন্ধু-গ্র্যান্ডিউজ-নেতাজী প্লে সেন্টার দুদিক থেকেই), কামান চৌমুহনী-শিববাড়ি-সেন্ট্রাল রোড-গোলবাজার, মোটরস্ট্যান্ড-চিত্তরঞ্জন রোড-রামঠাকুরসংঘ (দুদিক থেকেই), রামঠাকুরসংঘ-সুধীর দারগা বাড়ি রাস্তার মোড়, চিত্তরঞ্জন রোড-চিত্তরঞ্জন ক্লাব (দুদিক থেকেই), সংহতি ক্লাব (রামনগর ৪নং রাস্তা থেকে ৬নং রাস্তা দুদিক থেকেই, জরুরী কাজে নিযুক্ত যানবাহন ছাড়া), বটতলা-দশমীঘাট (দুদিক থেকেই), জয়নগর বাস স্ট্যান্ড থেকে যুবসমাজ (দুদিক থেকে, দ্বিতীয় মোড়) প্যারাডাইস চৌমুহনী-মেলারমাঠ-বটতলা (দুদিক থেকেই) এবং ভারতরত্ন, ঊষাবাজার।

বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে আগামী ২১ অক্টোবর থেকে ২৪ অক্টোবর সন্ধ্যা ৫টা থেকে পরদিন সকাল ৫টা পর্যন্ত বাস এবং যাত্রীবাহী গাড়িগুলি পন্ডিত নেহেরু অফিস কমপ্লেক্স (গোর্খাবস্তি), দুর্গাচৌমুহনী ব্রিজের উত্তরাংশ (রামনগর টিওপি'র কাছে), আখাউড়া রোড ত্রিনয়নী ক্লাব সংলগ্ন ক্রসিং, নাগেরজলা বাস টার্মিনাল, এডিনগর ড্রপগেইট, প্রতাপগড় বেইলী ব্রিজ, চন্দ্রমোহন সেতুর দক্ষিণাংশ (পুরনো ঝুলন্ত সেতু), রামঠাকুর বয়েজ স্কুল ব্রিজ, গান্ধীস্কুল/এমবিবি কলেজ এলাকা, চন্দ্রপুর মসজিদের কাছে, জিবি ক্যান্সার হাসপাতালের কাছে পার্ক করতে পারবে।

*****২য় পাতায়*

যাত্রীদের সুবিধার্থে টার্মিনাল পয়েন্টে কিছু রিক্সা/অটোরিক্সা থাকবে। জরুরী কাজে ব্যবহৃত যানবাহন চলাচল করতে দেওয়া হবে। ট্রাক/পণ্যবাহী যানবাহন এই ৪দিন সন্ধ্যা ৫টা থেকে পরদিন সকাল ৬টা পর্যন্ত আমতলী থানার অন্তর্গত আমতলী বাইপাস, বোধজংনগর থানার অন্তর্গত খয়েরপুর বাইপাস, রাণীরবাজার থানার অন্তর্গত মাধববাড়ি, এনসিসি থানার অন্তর্গত লিচুবাগান, পশ্চিম আগরতলা থানার অন্তর্গত বর্ডার গোলচক্করে দাঁড়াতে পারবে। অত্যবশ্যকীয় পণ্যবাহী গাড়িগুলি বিকাল ৩টা মধ্যে পণ্য নামিয়ে গ্যারেজে নিয়ে যেতে হবে। অথবা বিকাল ৪টার মধ্যে অবশ্যই আগরতলা পুরনিগম এলাকা ছাড়তে হবে। বিকাল ৪টা ১৫ থেকে অবৈধ পার্কিং এর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া শুরু হবে।

রাত ১২টা থেকে পরদিন সকাল ৬টা পর্যন্ত উত্তর জোনের পার্কিং এর স্থানগুলি হল লেইক চৌমুহনী বাজারে কাটাখালের পাশে, রাধানগর বাস স্ট্যান্ড, উত্তর গেইটের ভিতরে (গ্যাস ও ফ্লেইম অফিসের কাছে) কেন্টনমেন্ট রোড (আসাম রাইফেলস এর শিব বাড়ি এলাকা), নেহেরু পার্ক, কর্ণেল চৌমুহনী থেকে বিদুরকর্তা চৌমুহনী রাস্তার পূর্ব দিক, বোধজং চৌমুহনী থেকে ভগবানঠাকুর চৌমুহনী। মধ্য জোনের পার্কিং এর জায়গা হল কামান চৌমুহনী থেকে পোস্ট অফিস চৌমুহনীর রাস্তার উত্তরাংশ, পোস্ট অফিস চৌমুহনী থেকে পুরনো আরএমএস চৌমুহনীর পশ্চিম দিক, শকুন্তলা রোডের পশ্চিম দিক, গোলবাজার থেকে এমবিবি ক্লাব ক্রসিং, নেতাজী সুভাস রোডের উত্তর দিক, দুর্গাবাড়ি পার্কিং এর স্থানের দক্ষিণ দিক, ওরিয়েন্ট চৌমুহনী থেকে রবীন্দ্রভবনের মোড়, ওরিয়েন্ট চৌমুহনী থেকে জ্যাকসন গেইট, গান্ধীঘাট রোড, গান্ধীঘাট থেকে প্যারাডাইস চৌমুহনী হয়ে মেলারমাঠ রাস্তা, অফিস লেন এর উত্তর দিক এবং আইজিএম চৌমুহনী থেকে ওরিয়েন্ট চৌমুহনী পর্যন্ত কভার্ড ড্রেনের উপরে। পূর্ব জোনের জন্য পার্কি এর স্থান হল পুরনো মোটর স্ট্যান্ডে পার্কিং এর জায়গা, পুরনো কেন্দ্রীয় কারাগারের রাস্তার উত্তর অংশ, পূর্বাশা থেকে ওইমেন্স কলেজ (লক্ষ্মীনারায়ণ বাড়ি রাস্তার উত্তর দিক), ওইমেন্স কলেজ থেকে পাওয়ার হাউসের মোড় (পূর্ব দিক), গান্ধীস্কুল রোডের ওয়াটার সাপ্লাই ট্যাংক এবং ফিসারী অফিসের কাছে এমবিবি কলেজ রোড। দক্ষিণ এবং পশ্চিম জোনে রাত ১২টা থেকে পরদিন সকাল ৬টা পর্যন্ত পার্কিং এর জন্য স্থানগুলি হল নাগেরজলা মোটর স্ট্যান্ডের ভিতরে, বটতলা থেকে মেলারমাঠ রাস্তার উত্তর দিক, বটতলা থেকে পুরনো এএমসি অফিস রাস্তার পূর্ব দিক, রামনগরের ভেতরের রাস্তা, শঙ্কর চৌমুহনী থেকে কর্ণেল চৌমুহনীর কভার ড্রেইনের উপর, রামনগর ৬নং থেকে দুর্গা চৌমুহনী রাস্তার পশ্চিম দিক এবং রামনগর টিওপি'র কাছে।

রোগী, বিমান যাত্রী ও রেল যাত্রীদের জন্য জরুরী রাস্তাগুলি হল (হাঁপানিয়া টিএমসি হাসপাতাল থেকে আইজিএম/জিবি হাসপাতাল/ আইএলএস হাসপাতাল) হাঁপানীয়া- এডিনগর- ফ্লাইওভার- আইজিএম- টিআরটিসি- বিদুরকর্তা চৌমুহনী- কর্ণেল চৌমুহনী- হারাধন সংঘ- উত্তর গেইট- রাধানগর- মূর্তি প্রাঙ্গণ- জিবিপি হাসপাতাল- আইএলএস, জিবিপি হাসপাতাল/আইএলএস হাসপাতাল থেকে আইজিএম/টিএমসি হাসপাতালে যাওয়ার জন্য জরুরী রাস্তা হল আইএলএস- জিবিপি হাসপাতাল- মূর্তি প্রাঙ্গণ- রাধানগর- উত্তর গেইট- হারাধন সংঘ- কর্ণেল চৌমুহনী- বিদুরকর্তা চৌমুহনী- আরএমএস চৌমুহনী- আইজিএম- ফ্লাইওভার- এডিনগর।

*****৩য় পাতায়

আরেকটি রাস্তা হল আইএলএস/জিবিপি হাসপাতাল-অভয়নগর-ভগবান ঠাকুর চৌমুহনী-বোধজং চৌমুহনী- ওইমেন্স কলেজ- গণরাজ/লায়ন্স গেইট-অরিয়েন্ট চৌমুহনী-আরএমএস চৌমুহনী-আইজিএম চৌমুহনী-ফ্লাইওভার-এডিনগর। বিমান যাত্রী ও রেল যাত্রীদের প্রতি অনুরোধ করা হয়েছে তারা যেন বিমানের টিকিট বা বোর্ডিং পাস সঙ্গে রাখেন এবং যানবাহনে ‘এয়ারপোর্ট ও রেলওয়ে পেসেঞ্জার’ স্টিকার ব্যবহার করেন। যাত্রীরা আসা যাওয়ার জন্য যেকোন রাস্তা ব্যবহার করতে পারবেন। জরুরী প্রয়োজনে উপযুক্ত কর্তৃপক্ষ/ট্রাফিক সেক্টার অফিসারের স্পট পাস নিয়ে হাল্কা যানবাহন চলাচলের জন্য ৩টি বিকল্প রাস্তা চিহ্নিত করা হয়েছে। এগুলি হল হাঁপানিয়া- সিদ্ধিআশ্রম- এডিনগর- ফ্লাইওভার- ফায়ার সার্ভিস চৌমুহনী- আইজিএম চৌমুহনী- আরএমএস চৌমুহনী- রবীন্দ্র শতবার্ষিকী ভবন-লায়ন্স গেইট- ওইমেন্স কলেজ- বোধজং চৌমুহনী- ভুতুরিয়া- শচীন সেতু- অভয়নগর-জিবি হাসপাতাল। দ্বিতীয় রাস্তাটি হল জিবি বাজার- ইন্দ্রনগর রাস্তা- প্রান্তিক ক্লাব- জয়গুরু-মর্ডাণ ক্লাব- গান্ধীস্কুল- যোগেন্দ্রনগর/আড়ালিয়া। তৃতীয় রাস্তাটি হল এয়ারপোর্ট রোড-পঞ্চবটি কালিবাড়ি- বড়জলা- দুর্গা চৌমুহনী- রামনগরের ভেতরের রাস্তা- আখাউড়া রোড-ফায়ারসার্ভিস চৌমুহনী- অবলা চৌমুহনী- বটতলা- নাগেরজলা- এডিনগর- সিদ্ধিআশ্রম-হাঁপানিয়া।

ট্রাফিক কন্ট্রোল রুমের সংগে যোগাযোগ করার জন্য জেলাশাসকের বিজ্ঞপ্তিতে ফোন নম্বরও দেওয়া হয়েছে। ফোন নম্বরগুলি হল- ৯৪০২৩০৩১০০/ ৭০০৫২৪৪৪৭১, হোয়াটস অ্যাপ নম্বর হল ৯৪০২৩০৩১০০।

*******